



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৫৩৭

তারিখঃ ১৬/১০/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৪৯ তম কমিশন সভা অদ্য ১৬/১০/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. Orion Pharma Ltd. এর ১০ টাকা মূল্যমানের ৪ কোটি সাধারণ শেয়ার প্রতিটি শেয়ার ৫০ টাকা প্রিমিয়ামসহ ৬০ টাকায় ইস্যু করার (Fixed Price Method) অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি ২৪০ কোটি টাকা পুঁজি উত্তোলন করবে। ৩১শে ডিসেম্বর ২০১১ সনে সমাপ্ত বৎসরের সমন্বিত নিরীক্ষিত হিসাব অনুযায়ী Orion Pharma Ltd. এর শেয়ার প্রতি আয় ৫.৫৭ টাকা এবং নীট সম্পদ মূল্য (NAV) ৭৬.৮৬ টাকা। উল্লেখ্য, Orion Pharma Ltd. এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ICB Capital Management Limited।
২. সভায় Rahimafrooz Globatt Limited কে ৩০ (ত্রিশ) লক্ষ টি Redeemable Cumulative Preference Share (প্রতিটি ১০০ টাকা মূল্যমানের কোন প্রিমিয়াম ব্যতীত) ইস্যুর মাধ্যমে টাঃ ৩০ (ত্রিশ) কোটি টাকা মূলধন উত্তোলনের (Capital Raising) অনুমোদন দেয়া হয়েছে।
৩. ইতোপূর্বে কমিশন Information Services Network Ltd. (ISNL) এর রাইট শেয়ার (১R : ১ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ১টি শেয়ারের বিপরীতে ১টি রাইটস শেয়ার) অনুমোদন করে। কিন্তু অনুমতিপত্রের শর্ত পরিপালনে ব্যর্থ হওয়ায় কমিশন আজকের সভায় তাদের রাইট ইস্যুটি বাতিল করে।
৪. এছাড়াও কমিশন আজকের সভায় ICB Asset management Company Limited কর্তৃক Sonali Bank Limited 1st Mutual Fund এর স্পন্সরদের নিকট হতে Pre-IPO Placement হিসেবে উত্তোলিত অংশ পুঁজিবাজারে বিনিয়োগের প্রস্তাবে অপারগতা প্রকাশ করা হয়।


১৬/১০/২০১২

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র